

## সৃজনশীল প্রশ্ন

আবদুল মালেক সারাটি জীবন শিক্ষকতা করেছেন, গড়েছেন আলোকিত মানুষ। অবসর গ্রহণের পর তিনি গড়ে তুলেছেন ‘তারুণ্য’ নামে সেবা-সংগঠন। বিভিন্ন সমাজকল্যাণমূলক কাজের পাশাপাশি পথশিশুদের শিক্ষাদান, দুর্নীতি-বিরোধী অভিযান, নৈতিকতা ও মূল্যবোধ বিষয়ক সেমিনারের আয়োজন করেন তিনি। অনেকে তাঁর কাজের প্রশংসা করেন আবার নিন্দা ও কটুক্তি করতেও ছাড়েন না কেউ কেউ। তিনি তরুণদের উদ্দেশে বলেন—

মনেরে আজ কহ যে

ভালো মন্দ যাহাই আসুক

সত্যেরে লও সহজে।

- ক. কাজী নজরুল ইসলামের মতে কোনটি আমাদের নিষ্ক্রিয় করে দেয়?
- খ. কবি নিজেকে “অভিশাপ রথের সারথি” বলে অভিহিত করেছেন কেন?
- গ. উদ্দীপকে আবদুল মালেকের মাধ্যমে “আমার পথ” প্রবন্ধের যে বাণী উচ্চারিত হয়েছে তা ব্যাখ্যা কর।
- ঘ. উদ্দীপকের কবিতাংশের বক্তব্য চেতনায় ধারণা করে আলোকিত পৃথিবী গড়ে তোলা সম্ভব।— প্রবন্ধের আলোকে মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর।